

**জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগকে ডিজিটাল  
শেকার (লিনিয়ার ও অরবিটাল) হস্তান্তর**



২৫ নভেম্বর, ২০১৮-রোববার দুপুর ২ ঘটিকায় উপাচার্যের কনফারেন্স রুমে ইম্পাহানি টি লিমিটেড এর পক্ষ থেকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে ডিজিটাল শেকার (লিনিয়ার ও অরবিটাল) হস্তান্তর করা হয়। হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ এর চেয়ারম্যান ড. দিলারা ইসলাম শরীফ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন এবং ইম্পাহানি টি লিমিটেড এর মহাব্যবস্থাপক ওমর হান্নান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ড. সুমাইয়া ফারাহ খান। এসময় বিভাগীয় অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।